

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৯৮
খোয়াই, ১৩ আগস্ট, ২০২৪

হর ঘর তিরঙ্গা অভিযান
খোয়াইয়ে তিরঙ্গা র্যালি

হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচিতে আজ খোয়াইয়ে তিরঙ্গা র্যালি অনুষ্ঠিত হয়। স্থানীয় সুভাষ পার্কের কোহিনূর কমপ্লেক্স প্রাঙ্গণ থেকে এই র্যালিটি খোয়াই শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে জেলাশাসক কার্যালয়ের সম্মুখে এসে মিলিত হয়। তিরঙ্গা র্যালিতে অংশ নেন জেলাশাসক চাঁদনি চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন ও বিভিন্ন সরকারি কার্যালয়ের আধিকারিকগণ। তাছাড়াও বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও যুবক যুবতীরা এই তিরঙ্গা র্যালিতে অংশ নেন। তিরঙ্গা র্যালির সমাপ্তিতে খোয়াই জেলাশাসক কার্যালয়ের সম্মুখে সেলফি পয়েন্টে জেলাশাসক ও অন্যান্যরা সেলফি তুলেন।
